



বিজ্ঞপ্তি

বিষয়ঃ “মুজিব বর্ষ-২০২০” উদযাপন উপলক্ষ্যে জাতীয় পর্যায়ে রচনা প্রতিযোগিতা অনুষ্ঠান।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৫ সালে বেতবুনিয়া ডু-উপগ্রহ কেন্দ্র স্থাপনের মধ্য দিয়ে বহিঃবিশ্বের সাথে তার বিহীন যোগাযোগ ব্যবস্থার সূচনা করেন এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট উৎক্ষেপণের মাধ্যমে বাংলাদেশ এখন তথ্য-প্রযুক্তির সুপার হাইওয়েতে অবস্থান করছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত ও বাস্তবায়িত ডিজিটাল বাংলাদেশে তথ্যের নিরাপদ আদান প্রদান ও ডিজিটাল নিরাপত্তা বিধানে দেশে ডিজিটাল স্মারক সার্টিফিকেট প্রচলন করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ বাস্তবায়নের মাধ্যমে দেশে ডিজিটাল স্মারক সার্টিফিকেট বাস্তবায়ন, তথ্যের নিরাপদ আদান প্রদান ও ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণে সরকারের কার্যক্রম সর্বসাধারণকে অবহিতকরণ এবং সংশ্লিষ্ট কার্যক্রম বিষয়ে সর্বস্তরে জনসচেতনতা সৃষ্টি করার লক্ষ্যে সিসিএ কার্যালয় কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় দেশের তরুণ প্রজন্মকে ডিজিটাল স্মারক সার্টিফিকেট বিষয়ে অবহিত ও সচেতন করার লক্ষ্যে সিসিএ কার্যালয় জাতীয় পর্যায়ে স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিম্নোক্তভাবে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য রচনা আহ্বান করছে:

বিভাগ	পর্যায়	বিষয়	পুরস্কার (প্রত্যেক বিভাগের জন্য)
‘ক’ বিভাগ	মাধ্যমিক (৮ম-১০ম শ্রেণী/ সমপর্যায়ের শিক্ষার্থী)	“ডিজিটাল বিপ্লবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগ ও নিরাপদ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল স্মারকের গুরুত্ব” (সর্বোচ্চ ১৫০০ শব্দ)	১ম পুরস্কার: ডিজিটাল ফ্রেস্ট, সনদপত্র এবং ১৫,০০০/- টাকা; ২য় পুরস্কার: ডিজিটাল ফ্রেস্ট, সনদপত্র এবং ১০,০০০/- টাকা;
‘খ’ বিভাগ	উচ্চমাধ্যমিক (একাদশ-দ্বাদশ শ্রেণী/সমপর্যায়ের শিক্ষার্থী)	“ডিজিটাল বিপ্লবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগ ও নিরাপদ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল স্মারকের গুরুত্ব” (সর্বোচ্চ ২৫০০ শব্দ)	৩য় পুরস্কার: ডিজিটাল ফ্রেস্ট, সনদপত্র এবং ৫০০০/- টাকা।
‘গ’ বিভাগ	স্নাতক/ স্নাতকোত্তর/ সমপর্যায়ের শিক্ষার্থী	“ডিজিটাল বিপ্লবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগ ও নিরাপদ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল স্মারকের গুরুত্ব” (সর্বোচ্চ ৩০০০ শব্দ)	

রচনা পাঠানোর শেষ তারিখঃ ৩০ সেপ্টেম্বর, ২০২০	রচনা পৌছানোর ঠিকানাঃ নিয়ন্ত্রক সিসিএ কার্যালয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ আইসিটি টাওয়ার (২য় তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭ ইমেইল- info@cca.gov.bd
------------------------------------------------	---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলীঃ

- রচনা বাংলা ভাষায় লিখতে হবে;
- A4 সাইজের সাদা কাগজে নিজ হাতে/ কম্পিউটারে লিখতে হবে;
- লেখার সাথে নিজের ও শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণী/বিভাগ, বর্ষ, রোল ও শাখা, মোবাইল নম্বর ও যোগাযোগের ঠিকানা উল্লেখ করতে হবে;
- শিক্ষা প্রতিষ্ঠান প্রদত্ত শিক্ষার্থীর পরিচয়পত্রের ফটোকপি ও পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি পাঠাতে হবে;
- রচনা ডাকযোগে/ কুরিয়ার/ সফট কপি (নিকষ ফন্ট) অথবা স্ক্যান কপি ই-মেইলের (info@cca.gov.bd) মাধ্যমে পাঠাতে হবে;
- খামের ওপর ‘মুজিব বর্ষ-২০২০’ উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা ও রচনার বিভাগ (ক/ খ/ গ) লিখতে হবে;
- ই-মেইলে প্রেরণের ক্ষেত্রে সাবজেক্ট এ ‘মুজিব বর্ষ-২০২০’ উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা ও রচনার বিভাগ (ক/ খ/ গ) লিখতে হবে;
- বিচারকদের রায় চূড়ান্ত বলে বিবেচিত হবে।

উল্লেখ্য, পুরস্কারপ্রাপ্ত রচনা ইলেক্ট্রনিক স্মারক সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ) -এর কার্যালয় এর ওয়েবসাইটে প্রকাশিত হবে।

বিশেষ দৃষ্টব্যঃ রচনা লেখার জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ এবং এই আইনের আওতায় প্রকাশিত বিধিমালা/গাইডলাইনসমূহ, সিসিএ কার্যালয় কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রচার বিজ্ঞপ্তি, পুস্তিকা এবং এ বিষয়ে যে কোন জাতীয় ও আন্তর্জাতিক প্রকাশনা ও টেলিভিশন এর সাহায্য নেয়া যাবে। বিস্তারিত তথ্যের জন্য ইলেক্ট্রনিক স্মারক সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)-এর কার্যালয় এর ওয়েবসাইট (www.cca.gov.bd) ও ফেসবুক (<https://www.facebook.com/ccabangladesh/>) ভিজিট করা যেতে পারে।

স্বাঃ

উপ-নিয়ন্ত্রক (অর্থ, প্রশাসন ও আইন)

ফোন: +৮৮০ ২ ৮১৮১ ৭০৯

mizanur.uno@gmail.com